

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৮০.২৩ নথির বিষয়: Cleaning of Buriganga river intake tower and adjacent area of Chandnighat water treatment plant.

নোট: ১ নোটের বিষয়: Cleaning of Buriganga river intake tower and adjacent area of Chandnighat water treatment plant কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৬/৭/২৩ ১২:০৬ পূর্বাহ্ন

সংযুক্তি ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট পানি শোধনাগারে বুড়িগঙ্গা নদী হতে লো-লিফট পাম্পিং স্টেশনের মাধ্যমে রিসিভিং ওয়েলে পানি আনা হয়। উক্ত রিসিভিং ওয়েলের পানিতে প্রসেস কেমিক্যাল অর্থাৎ এলাম, ক্লোরিন, ব্রিচিং পাউডার ও পলিমার (ম্যাক্স ফ্লোক -টি) ডোজিং করে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে পানি পরিশোধন করে নেটওয়ার্কের মাধ্যমে পুরাতন ঢাকা বাসীদের সরবরাহ করা হচ্ছে। লো-লিফট পাম্পিং স্টেশনে পানি আনার জন্য বুড়িগঙ্গা নদীতে একটি ইনটেক টাওয়ার রয়েছে। উক্ত ইনটেক টাওয়ারের নদীর (দক্ষিণ) সাইডে বিভিন্ন সাইজের মোট ৫টি ম্যানুয়াল স্ক্রীন রয়েছে। উক্ত স্ক্রীনগুলোতে প্লাস্টিক, কচুরীপানা, কাপড় জাতীয় ময়লা-আবর্জনা আটকিয়ে পানির ফ্লো বন্ধ হয়ে যায়। সেই কারণে 'র' ওয়াটার অর্থাৎ লো-লিফট পাম্পিং স্টেশনের পাম্প মোটরের ক্যাপাসিটি অনুযায়ী পানি পায় না। ফলে প্লান্টের পানির উৎপাদন কমে ৮০-৯০ লক্ষ লিটারে কমে যায়। বর্তমানে ইনটেক টাওয়ারের পানির লেভেল কম। সেই কারণে ২টি পাম্প চালালে দ্রুত ইনটেক টাওয়ারের ম্যানুয়াল স্ক্রীনে প্লাস্টিক জাতীয় ময়লা-আবর্জনা ঢুকে পানির ফ্লো বন্ধ হয়ে যায়। সেই কারণে প্রতি মাসেই ইনটেক টাওয়ার ক্লিনিং করার প্রয়োজন। উল্লেখ্য যে, ইনটেক টাওয়ার ক্লিনিং করা হলে পানির উৎপাদন বেড়ে ২.৩০ - ২.৪০ কোটি লিটার হবে। তাই জরুরী ভিত্তিতে ক্লিনিং কাজ করা প্রয়োজন। এছাড়া ইনটেক টাওয়ারের উত্তর সাইডে ৭০০ এম এম ডায়ার পাইপ লাইন রয়েছে। উক্ত পাইপ লাইনের মাধ্যমে লো-লিফট পাম্প হাউজে পানি আনা হয়। নদীর পানিতে স্লাজ থাকায় পাইপ লাইনে স্লাজ জমে। সেই কারণে পাইপ লাইনের ইনকামিং সাইডে ক্লিনিং করতে হয়। এছাড়াও ইনটেক টাওয়ারের চারদিকে প্রচুর পরিমাণে কচুরীপানা থাকে। ক্লিনিং কাজের সময় উক্ত কচুরীপানা পরিষ্কার করার প্রয়োজন হয়। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে(ক্রঃ নং-৩ দ্রঃ)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪৯,৭৬৯.০০ (উনপঞ্চাশ হাজার সাতশত উনসত্তর) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

২। দরের স্বপক্ষে ক্লিনিং কাজের পূর্বানুমোদিত দরের কপি।

৩। বুড়িগঙ্গা নদীতে অবস্থিত চাঁদনীঘাট পানি শোধনাগারের ইনটেক টাওয়ার ক্লিনিং কাজের প্রাক্কলন।


অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৬/৭/২৩ ১২:০৬ পূর্বাহ্ন

বুড়িগঙ্গা নদীতে অবস্থিত চাঁদনীঘাট পানি শোধনাগারের ইনটেক টাওয়ারের ৫টি ম্যানুয়াল স্ক্রীন, ইনটেক টাওয়ারের অভ্যন্তরীণ সাইড, ৭০০ এম এম ডায়ার পাইপ লাইন ও আশেপাশের কচুরীপানা, ময়লা-আবর্জনা প্রভৃতি ক্লিনিং কাজটি মেসার্স সাক্সির এন্টারপ্রাইজকে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) এ করা যেতে পারে।


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৬/৭/২৩ ১২:০৭ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় বুড়িগঙ্গা নদীতে অবস্থিত চাঁদনীঘাট পানি শোধনাগারের ইনটেক টাওয়ারের ৫টি ম্যানুয়াল স্ক্রীন, ইনটেক টাওয়ারের অভ্যন্তরীণ সাইড, ৭০০এম এম ডায়ার পাইপ লাইন ও আশেপাশের কচুরীপানা, ময়লা-আবর্জনা প্রভৃতি ক্লিনিং কাজে উপস্থাপিত সর্বমোট টা:৪৯,৭৬৯.০০ (উনপঞ্চাশ হাজার সাতশত উনসত্তর) টাকার প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি চুক্তি প্রক্রিয়ায় মেসার্স সাক্সির এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



৬/৭/২৩ ১২:১৬ পূর্বাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২



৬/৭/২৩ ১১:৫৪ পূর্বাহ্ন
মোঃ আবদুর রব মিয়া
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-২



৯/৭/২৩ ৮:৩০ পূর্বাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২



১৬/৭/২৩ ৪:৪৯ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


১৬/৭/২৩ ৪:৪৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৭/২৩ ৫:৫৪ পূর্বাহ্ন


অনুমোদিত



২০/৭/২৩ ৫:৫৪ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২০/৭/২৩ ৩:৪৮ অপরাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২



২০/৭/২৩ ১১:২০ অপরাহ্ন
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা